

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরলী
শেরেবাংলা নগর, আগারগাঁও
ঢাকা-১২০৭।

তারিখ: ২৩/০৩/২০১৪ খ্রি:

নথি নং-৪৩.২৫.০০০০.০০৩.১৮.০২১.৯৭/৪^{৭৮}

অফিস আদেশ


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- সবিম/শাখা-৩/বিবিধ-২৫/১০/৩৬, তারিখ ২৭/০১/২০১৩ খ্রি: মোতাবেক
আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তরভুক্ত ন্যাশনাল লাইব্রেরির কর্তৃক প্রকাশিত বাংলাদেশ জাতীয় গ্রন্থপঞ্জিতে প্রকাশনা অন্তর্ভুক্তির জন্য
নিম্নরূপ নির্দেশনা/নীতিমালা (আভ্যন্তরীণ) অনুসৃত হবে:

(ক) জাতীয় গ্রন্থপঞ্জিতে যে সব বিষয় অন্তর্ভুক্ত করতে হবে :

- ০১। সূজনশীল, মৌলিক যেধাকর্ম যা লেখকের নিজস্ব সৃষ্টি।
- ০২। প্রাধিকারভাবে সাহিত্য, সংস্কৃতি ও মানবিক গবেষণাধর্মী প্রকাশনা।
- ০৩। দীর্ঘস্থায়ী সংরক্ষণ উপযোগী প্রকাশনা।
- ০৪। বাংলাদেশ ভূখণ্ডে সংশ্লিষ্ট বৎসরে প্রকাশিত প্রকাশনা।
- ০৫। রাজনৈতিক, অর্থনৈতিক অপরাপর যে কোন বিষয়ে মৌলিক গবেষণাধর্মী প্রকাশনা।
- ০৬। কপিরাইট আইনে লিগ্যাল ডিপেজিট ক্ষমতাবলে লাইব্রেরি ভবনে প্রাপ্ত ও গৃহীত বাংলাদেশের
বিভিন্ন অঞ্চল থেকে ভূমণ্ডের মাধ্যমে সংগ্রহ নীতিমালার আওতায় গৃহীত নতুন প্রকাশনা।
- ০৭। কপিরাইট আইনের লিগ্যাল ডিপজিট বিধিমালা অনুযায়ী প্রকাশনা জমাদানের সময়সীমার মধ্যে যেগুলো গৃহীত।

(খ) জাতীয় গ্রন্থপঞ্জিতে যে সব বিষয় অন্তর্ভুক্ত করা যাবে না:

- ০১। ছাত্র-ছাত্রীদের জন্য প্রযোজিত নোটবই, গাইডবই, সহায়িকা ইত্যাদি;
- ০২। বিজ্ঞাপন সর্বস্ব বাণিজ্যিক প্রকাশনা;
- ০৩। লেখকের নাম ঠিকানা /প্রকাশনা সংস্থার পরিচিতিহীন বই;
- ০৪। সংবাদপত্র সাময়িকী ১ম ভলিউমের ১ম সংখ্যার পরবর্তী সংখ্যা;
- ০৫। মানচিত্র, গ্রোব, চার্ট;
- ০৬। শক্ত মলাট ছাড়া ও বাধাইহীন নিম্নমানের ধূসর কাগজের রোমাঙ্ককর, কাল্পনিক সিরিজের বই;
- ০৭। বিশেষ ব্যক্তি গোষ্ঠী বা প্রতিষ্ঠানের প্রতি বিশেষমূলক প্রস্তুতিনামের জন্য উদ্দেশ্যমূলক প্রকাশনা।
- ০৮। পুনঃমুদ্রনের বই;
- ০৯। শিশু-কিশোরদের চটকদার বই, ব্যবসায়িক উদ্দেশ্যে প্রকাশিত শক্ত মলাট ও বাধাইহীন বই;
- ১০। কোন প্রতিষ্ঠানের নিয়মিতভাবে প্রকাশিত বার্ষিক প্রতিবেদন ইত্যাদি;
- ১১। প্রসিডিং, সেমিনার পেপার ও বিশেষ উদ্দেশ্যে প্রকাশিত প্রকাশনা;
- ১২। ব্যক্তিকেন্দ্রিক বর্ণনামূলক বই যা সাধারণ বিবেচনায় জাতীয় সংগ্রহে দীর্ঘস্থায়ী সংরক্ষণ উপযোগী নয়;
- ১৩। ৪৮ পৃষ্ঠার কম কোন বই;
- ১৪। ধর্মীয় মূল্যবোধ পরিপন্থী বই/প্রকাশনা।
- ১৫। রাজনৈতিক ও সাংস্কৃতিক সম্প্রীতি বিনষ্ট হতে পারে এবং সামাজিক সংঘাত সৃষ্টি হতে পারে এমন বই।
- ১৬। এই নীতিমালা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(অদুদুল বাবী চৌধুরী)

পরিচালক

ফোন: ৯১২৯৯৯২, ৯১৩২৭০৯

ই-মেইল- nanldirector@gmail.com

কার্যালয়ে বিতরণ:

১। আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

২। সংশ্লিষ্ট সকল কর্মচারী, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

অবগতি:

১। চীফ বিব/উপপরিচালক ও উপপরিচালক (আরকাইডস) অধ্যাপক, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

২। প্রয়োমার, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা(ক্ষানিং এবং জন্য)।

৩। সকল কর্মকর্তা, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৪। অফিস সুপারিনিটেন্ডেন্ট/হিসাব বক্স/প্রধান সহকারী, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৫। পরিচালক মহোদয়ের বাসিন্দাগত সহকারী, আরকাইডস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৬। সংশ্লিষ্ট নথি।